গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০১.০৯-১৫ তারিখঃ ২৪/০৫/২০২৫ইং

প্রতি

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৩। প্রকল্প পরিচালক (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

৫। উপজেলা প্রকৌশলী (সকল)
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

বিষয়ঃ **একক মালিকানাধীন প্রতিষ্ঠানকে প্রাইভেট লিমেটেড কোম্পানীতে রুপান্তরের ক্ষেত্রে দরপত্রদাতার সাধারণ অভিজ্ঞতা টার্নওভার এবং টেন্ডার ক্যাপাসিটি বিবেচনা সম্পর্কে বিপিপিএ'র মতামত অনুসরণ প্রসঙ্গে।**

সূত্রঃ বিপিপিএ এর স্মারক নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৬.২২-৬৯, তারিখঃ ২১/০৫/২০২৫ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোন একক মালিকানাধীন প্রতিষ্ঠান বা একাধিক ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান একীভূত হয়ে লিমিটেড কোম্পানী গঠন করলে, উক্ত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের পূর্ব অভিজ্ঞতা বা যোগ্যতা দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে রুপান্তরিত/গঠিত কোম্পানীর অভিজ্ঞতা ও যোগ্যতা হিসেবে বিবেচিত হবে কি না সে বিষয়ে সূত্রস্থ স্মারকে বিপিপিএ হতে একটি মতামত প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ক্রয়কার্যের সঙ্গে সম্পৃক্ত সকল ক্রয়কারী, মূল্যায়ন কমিটির সদস্য এবং অনুমোদনকারী কর্তৃপক্ষকে দরপত্র মূল্যায়ন/অনুমোদনের ক্ষেত্রে বিপিপিএ কর্তৃক প্রদত্ত মতামতটি অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিপিপিএ'র মতামত-০১(এক) পাতা।

২২/০৫/২০২৫

(মোঃ আব্দুর রশীদ মিয়া)
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোনঃ ০২-৫৫০০৭২৪৮
ই-মেইল ce@lged.gov.bd

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৬.২২-৬৯

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ২১ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: একক মালিকানাধীন প্রতিষ্ঠানকে প্রাইভেট লিমিটেড কোম্পানিতে রূপান্তরের ক্ষেত্রে দরপত্রদাতার সাধারণ অভিজ্ঞতা, টার্নওভার এবং টেন্ডার ক্যাপাসিটি সম্পর্কে বিপিপিএ'র মতামত।

সূত্র: স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, আগারগাঁও এর স্মারক নং-৪৬.০২.০০০০.৬৭০.০৭.০২২.২৪.৮৪; তারিখ: ১৩/০৪/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কোনো একক মালিকানাধীন প্রতিষ্ঠান লিমিটেড কোম্পানীতে রূপান্তরিত হলে বা একাধিক ব্যক্তি-মালিকানাধীন প্রতিষ্ঠান একীভূত হয়ে লিমিটেড কোম্পানী গঠন করলে উক্ত ব্যক্তি-মালিকানাধীন প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের পূর্ব অভিজ্ঞতা ও যোগ্যতা বর্তমানে রূপান্তরিত/গঠিত কোম্পানীর অভিজ্ঞতা ও যোগ্যতা হিসেবে বিবেচিত হবে কি না সে বিষয়টি পিপিএ ২০০৬ বা পিপিআর ২০০৮ এর আওতাভুক্ত নয়। বিপিপিএ কর্তৃক এ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত যাচন করা হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামত নিম্নরূপঃ

"দরপত্র দাতাকে দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্ত অনুযায়ী যোগ্যতাসম্পন্ন হতে হবে। এক্ষেত্রে কোম্পানী আইনের বিধান অনুযায়ী নিবন্ধিত কোন কোম্পানীর একইরূপ কার্যে পূর্ব অভিজ্ঞতাই বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী যোগ্যতা হিসেবে বিবেচিত হওয়া স্বাভাবিক। নিবন্ধিত কোম্পানী হওয়ার পূর্বে, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান হিসেবে অর্জিত অভিজ্ঞতা এক্ষেত্রে বিবেচিত হতে পারে না।

একইরূপে ভিন্ন ভিন্ন ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান একীভূত হয়ে কোম্পানী গঠন করলে, কোম্পানী আইনের বিধান অনুযায়ী তা নবগঠিত কোম্পানী হিসেবে গঠনের তারিখ হতেই উক্ত কোম্পানীর অভিজ্ঞতা গণনা করার সুযোগ রয়েছে। ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান হিসেবে পূর্বের কাজের অভিজ্ঞতা এক্ষেত্রে বিবেচনার কোন বিধান পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এ উল্লেখ করা নেই। এক্ষেত্রে নবগঠিত কোম্পানী দরপত্রে উল্লিখিত শর্ত অনুযায়ী ক্রয়কার্যে অংশগ্রহণ করলে কোম্পানী গঠনের তারিখ হতেই তার অভিজ্ঞতা গণনাযোগ্য হবে। ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সমূলে অর্জিত অভিজ্ঞতাকে এক্ষেত্রে নবগঠিত কোম্পানীর অভিজ্ঞতা হিসেবে বিবেচনার সুযোগ বর্ণিত আইনে উল্লেখ করা হয়নি।"

০২। এমতাবস্থায়, আইন ও বিচার বিভাগের উপর্যুক্ত মতামতের আলোকে সংশ্লিষ্ট মতামত যাচনকারী কর্তৃপক্ষ যথোপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

০৩। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে প্রেরিত তথ্যের ভিত্তিতে প্রদত্ত এ মতামত শুধুমাত্র বিবেচ্য বিষয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২২.০৫.২০২৫

(শাহ ইয়ামিন-উল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৮১১৯৩৯৯

প্রকল্প পরিচালক
রিভার (RIVER) প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
আগারগাও, ঢাকা

(পরবর্তী পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য)